

বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবিতে যবিপ্রবি শিক্ষার্থীদের মানববন্ধন

গণেশ্বর অফিস:

বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবিতে গণেশ্বর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) শিক্ষার্থীরা বুধবার মানববন্ধন কর্মসূচি পালন করে। বেলা সাড়ে ১১টার দিকে গণেশ্বর প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ সময় বক্তব্য রাখেন সন্ত্রস্ত ব্যান্ডারী বাপ্পী ও নুরত বিখ্যাস শাহনে।

এরআগে একই দাবিতে প্রেসক্লাব মিলনায়তনে সাপ্তাহিক সম্মেলন করেন শিক্ষার্থীরা। ১৩ জুলাইয়ের মধ্যে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া না হলে কঠোর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলে তারা জানান।

শিক্ষার্থীরা বলেন, তারা দীর্ঘদিন ধরে মানস্টার্নের ভর্তি ও অনার্নের সেমিস্টার ফি কমানোর দাবি জানিয়ে আসছেন। এর পরিপ্রেক্ষিতে ১২ হুন দুপুরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে শিক্ষার্থীদের সমঝোতাও হয়। কিন্তু এরপর তুচ্ছ ঘটনা নিয়ে শিক্ষার্থী ও কর্মচারীরা বিরোধে জড়িয়ে পড়লে তা সংঘর্ষে রূপ নেয়। একপর্যায়ে বহিরাগত সন্ত্রাসীরা ক্যাম্পাসে ঢুকে শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। উত্তেজিত এ পরিস্থিতিতে ওই দিন কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে। এরপর থেকেই বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে।